দৈনিক সংবাদ

২৫

তারিখ ... JUL 27 1999 ...
পৃষ্ঠা কলাম ......

## কেন এই অনিয়ম?

কারো বরাবরে সরবরাহকৃত মার্কশিট, সনদপত্র, প্রশংসাপত্রের মূলকপিসমূহ ইদানীং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আটকে রাখার বিধান চালু হয়েছে যা রীতিমত কারো ব্যক্তি স্বাধীনতা তথা মানবিক অধিকারের পরিপন্থী। কেননা ছাত্রছাত্রী কোন শিক্ষা প্রতিষ্ঠান বদল করা (অভিভাবকের চাকরিজনিত অবস্থান বদল হলে) কিংবা শিক্ষারত অবস্থায় চাকরিতে যোগদান করার কারণে হয়ত ঐ মুহূর্তে মূল কপিগুলোর প্রয়োজন অবশ্যম্ভাবী। কিন্তু কাগজপত্র ফেরতদানের প্রতি 'না বোধক' নির্দেশ জারি হওয়ায় ঐ কাগজপত্রের স্বত্বাধিকারিগণ রীতিমত মানবিক অধিকারটুকু হারাচ্ছেন। প্রয়োজনমত, সময় সাপেক্ষে তা সংগ্রহ করতে গিয়ে কারণিকদের হয়রানির নিত্য নতুন ফর্মুলার শিকার হচ্ছেন অনেকেই। অপরদিকে জটিলতার কারণ দেখিয়ে টু-পাইস কামানোর মানসিকতাও লক্ষ্য করা যাচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় চিন্তার বিকাশ ঘটুক এটাই আশা করি।

মোহাম্মদ শহীদুল্লাহ
শ্যামগঞ্জ বাজার
ময়মনসিংহ